

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ
গাজীপুর।

স্মারক নং-শহীদতাজউদ্দীনআঃমেডিকঃ/নিয়োগ বিজ্ঞপ্তি/২০২০/৭৭২

তারিখঃ-০২/০৮/২০২০খ্রিঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১০৯.৯৯.০৫৭.১৮-২৯৩ তারিখ ০৫/১১/২০১৯ মোতাবেক গাড়ীচালক এর পদ সৃজন হওয়ায় শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর এর নিম্নবর্ণিত অস্থায়ী রাজস্বখাতে সৃজিত পদে জনবল নিয়োগের নিমিত্তে প্রচলিত নিয়োগ বিধি ও শর্ত অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	গাড়ী চালক	০২ (দুই) টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	জেএসসি বা অষ্টম শ্রেণি পাশ এবং গাড়ী চালনায় ভারী/হালকা বৈধ লাইসেন্সধারী হতে হবে। অভিজ্ঞদের অগ্রাধিকার।

** সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজের ওয়েব
সাইট www.stamc.edu.gov.bd হতে সংগ্রহ করতে হবে।

আবেদন করার নিয়মাবলী ও শর্তাবলী :

- ১। উপরে বর্ণিত চাকরির আবেদন ফরমেট/ছক অনুযায়ী কম্পিউটারের মাধ্যমে লিপিবদ্ধ করে আবেদন করতে হবে এবং আবেদন পত্রের সংগে চালানের মূল কপি এবং পাস পোর্ট সাইজের সদ্য তোলা ৪ (চার) কপি রঙিন ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফর্মে বর্ণিত সকল তথ্যের দলিলাদি/মূল সনদ পত্র উপস্থাপন করতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ০১/০৭/২০২০ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি নাতনীদেব সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিড গ্রহণযোগ্য নয়।
- ৩। আবেদন পত্র আগামী ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অধ্যক্ষ, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর এর ঠিকানায় ডাক যোগে/কুরিয়ার সার্ভিস পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময় উত্তীর্ণ হওয়ার পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ৪। অধ্যক্ষ, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা হারে নিম্নোক্ত কোড নম্বরে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক চালানোর মূল কপি ও একটি সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। অর্থনৈতিক কোড নং- ১-২৭১১-০০০০-২০৩১।
- ৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতি-নাতনী হলে, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৬। নিয়োগের বিষয়ে সরকারের সর্ব শেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।
- ৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- ০৮। আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগ এর ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার মূল্যের ডাক টিকেট সংযুক্ত ১০’’x৫’’ মাপের একটি অতিরিক্ত ফেরৎ খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৯। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। আবেদনপত্র যাচাই বাছাই করার পর সঠিক আবেদনকারীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের জন্য ফেরত খামে প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। আবেদনপত্র যাচাই বাছাই এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক স্যার মোঃ আসাদ হোসেন)

অধ্যক্ষ ও সভাপতি

৩য় ও ৪র্থ শ্রেণি জনবল নিয়োগ কমিটি
শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ
গাজীপুর।

ফোন-৪৯২৭৩২৫১, ফ্যাক্স-৪৯২৬১৪২৩

ই-মেইল-stamc@ac.dghs.gov.bd